Regd. Off. : 4 Biplabi Trailokya Maharaj Sarani (Brabourne Road), 5th Floor, Kolkata - 700 001, West Bengal
Phone No. : 033-4002 6600 / 6700
Website : www.lohiasecurities.com
E-mail : secretarial@lohiasecurities.com

Notice to Shareholders

(1) Notice is hereby given that the 31st Annual General Meeting (AGM) of the Company is scheduled to be held at 11.30 AM on Saturday, 9th August, 2025 through Video Conferencing / Other Audio Video Means (VC / OAVM) in compliance with the General Circular No. 09/2024 dated September 19, 2024 issued by Ministry of Corporate Affairs (MCA) and other applicable provisions of the Companies Act, 2013 and circular No. SEBI/HO/CFD/CFD-Pod-2/p/CIR/2024/133 dated October 3, 2024 issued by the Securities and Exchange Board of India (SEBI) (hereinafter collectively referred to as "Circular"). Companies are allowed to hold AGMs through VC/ OAVM without presence of members at a common venue. Considering the above circulars, AGM of the Company is being held through Video Conferencing to transact the business as set forth in the Notice of the AGM dated July 8, 2025.

(2) In compliance with the above circulars, electronic copies of the Notice of the AGM and Annual Report for the year ended March 31, 2025, has been sent to all the Members on 18th July, 2025, whose email Ids are registered with the Company / Depository (s) / Niche Technologies Private Limited, the Registrar and Share Transfer Agents. However members can also down load the AGM Notice and Annual Report from the Company's website : www.lohiasecurities.com and the website of Calcutta Stock Exchange Ltd. and website of CDSL.

(3) Pursuant to Section 91 of the Companies Act, 2013 and Regulation 42 of the SEBI (Listing Obligation Disclosure Requirements) Regulations, 2015 the Register of Members and Share Transfer books of the Company will remain closed from Monday, 4th August, 2025 to Saturday, 9th August, 2025 for the purpose of Annual General Meeting and payment of dividend for the financial year ended 31st March, 2025. The dividend once approved in the AGM will be paid from August 9, 2025.

(4) The Board of Directors have appointed Mr. Arun Kumar Khandelia, K. Arun & Co., (Membership No. FCS 3829 / CP No. 2270), practicing Company Secretary as the Scrutinizer to scrutinize the voting process in a fair and transparent manner.

(5) Members holding shares either in physical form or dematerialized form, as on the cut-off date (August 2, 2025) may cast their votes electronically on the business as set forth in the Notice of the AGM through the electronic voting system of CDSL (remote e-voting).

(6) Members are herby informed that :

i. The business as set forth in the Notice of AGM may be transacted through remote e-voting or e-voting during the AGM.

ii. The remote e-voting shall commence on August 06, 2025 (9.00 a.m. IST)

iii. The remote e-voting shall end on August 08, 2025 (5.00 p.m. IST)

iv. The cut-off date for determining the eligibility to vote by remote e-voting or by e-voting during the AGM shall be on August 02, 2025.

v. Remote e-voting module will be disabled after 5.00 p.m. IST on August 8, 2025.

vi. Any person, who acquires shares of the Company and becomes a member post-dispatch of the Notice of the AGM and holds shares as on the cut-off date i.e. August 2, 2025 may obtain login ID and password by sending a request at secretarial@lohiasecurities.com

vii. Members may note that :

(a) The remote e-voting module shall be disabled after 5.00 p.m. IST on August 08, 2025 and once the votes on the resolution is cast by the member, the member shall not be allowed to change it subsequently.

(b) The facility for voting will also be available during the AGM and those members present in the AGM through VC facility, who have not cast their vote on the resolutions through remote e-voting and are otherwise not barred from doing so, shall be eligible to vote through the e-voting during the AGM.

(c) The members who have cast their votes by remote e-voting prior to the AGM may also attend the AGM but shall not be entitled to cast their votes again; and

(d) Only persons whose name is recorded in the register of members or in the register of beneficial owners maintained by the depositories as on the cut-off date shall be entitled to avail the facility to remote e-voting or e-voting during the AGM.

viii. The manner of voting remotely for members holding shares in dematerialized mode, physical mode and for members who have not registered their email addressed is provided in the Notice of the AGM which is also available on the website of the Company and www.lohiasecurities.com at Balance sheet tab.

ix. The members are requested to refer to the AGM Notice for the manner in which they can give their mandates for receiving dividends directly in their bank accounts throught Electronic Clearing Service (ECS) or any other means.

x. For any query / clarification / grievance connected with VC meeting, remote e-voting and Members who acquired shares of the Company after the date of dispatch of AGM notice and hold shares as of the cut off date i.e August 2, 2025 shall approach Mr. Rakesh Dalvi at helpdesk.evoting@cdslindia.com or call toll free no. 1800 21 09911 with their particulars viz. DP ID / Client ID. Folio No. to provide login ID and password for remote e-voting or may write and Email to the Company at secretarial@lohiasecurities.com

Date : July 18, 2025
Place : Kolkata
By Order of the Board
Sudheer Kumar Jain
Whole-time Director

NEIL INDUSTRIES LIMITED

CIN: L51109WB1983PLC036091
R/o: 88B, (Ground Floor), Lake View Road, Kolkata-700029
Corporate Office: 14/113, Civil Lines,402-403, Kan Chambers, Kanpur-208001
E- Mail: neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com
Mob: Corp Office: +91 8953338815,website: www.neil.co.in
EXTRACT FROM THE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2025
(All amounts in Rs. Lakhs except earnings per share data)

Sl. No.	PARTICULARS	Quarter ended on 30-Jun-2025	Year ended on 31-Mar-2025	Corresponding 3 months ended in the previous year on 30-Jun-2024
		(Un-audited)	(Audited)	(Un-audited)
1.	Total Income from Operations	96.12	307.20	68.55
2.	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extra ordinary items #)	43.80	201.96	41.50
3.	Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional and/or Extraordinary items #)	43.80	201.96	41.50
4.	Net Profit / (Loss) for the period (after Tax, Exceptional and/or Extra ordinary items #)	32.80	118.74	30.70
5.	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	32.80	118.74	30.70
6.	Equity Share Capital	1,955.32	1,955.32	1,955.32
7.	Reserves (excluding Revaluation Reserve)	3,935.98	3,903.18	3,815.14
8.	Earnings Per Share (of Rs 10/- each) (for continuing and discontinued operations).			
	1. Basic	0.17	0.61	0.16
	2. Diluted	0.17	0.61	0.16

NOTE
1. The above is an extract of the detailed format of Quarterly Un- Audited Financial Results filed with the Stock Exchanges pursuant to Regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of Quarterly Un- Audited Financial Results are available on the website of the Stock Exchange i.e., www.bseindia.com and also available on the Company's website www.neil.co.in
2. The above Quarterly Results were reviewed by the Audit Committee and approved by the Board of Directors in their respective meetings held on July 18, 2025.

Date: July 18, 2025.
Place: Kanpur
For Neil Industries Limited
Sd/-
Arvind Kumar Mittal
(Managing Director)
DIN: 02010445

E-Tender Notice

e-NIT NO: WB/TMPS/EO/3560/NIT-112/2025-26 Dt.07.07.2025 for Si no.1 for Cement Concrete Road, EO,T.M Panchayet Samity. Thakurpukur Maheshtala Block, 39, Biren Roy Road (East) South 24 parganas invites E-Tender for the work for the same as details

Name of work- Subject Publishing of matter against e-NIT NO: WB/TMPS/EO/3560/ NIT-112/2025-26 Dt.07.07.2025 for St no.1 for Cement Concrete Road. Thakurpukur Maheshtala Panchayet Samity.

Bid Submission date Started on 11.07.2025 at 3 p.m and Bid Submission End date 23.07.2025 up to 3 p.m. details on NIT & Tender Documents may be download from: **http://wbtenders.gov.in** & e mail no. **bdothakurpukur@gmail.com**.

Sd/-
Executive officer
Thakurpukur maheshtala panchayet samity
South 24 parganas

केनरा बैंक Canara Bank — सिंडिकेट Syndicate

POSSESSION NOTICE
[Section 13(4)] {See Rule 8(1)}
APPENDIX - IV
For Immovable Property

Regional Office : Siliguri, Homeland Building, Business Centre 3rd Mile, Sevoke Road, Siliguri, Pin - 734008

Whereas:
The undersigned being the Authorised Officer of the **Canara Bank, Collegepara Branch** under Securitisation And Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 (Act 54 of 2002) (hereinafter referred to as "the Act") and in exercise of powers conferred under Section 13 (12) read with Rule 3 of the Security Interest (Enforcement) Rules 2002, issued a **Demand Notice Dated 17.04.2025** calling upon the **Borrower(s) : Darwin Dhali and Lakshmi Rani Dhali,** to repay the amount mentioned in the notice, being **Rs. 49,11,063.00** (Rupees Forty Nine Lac Eleven Thousand Sixty Three only) **as on 16.04.2025** together with further interest and incidental expenses and costs as stated above on and from **17.04.2025** within 60 days from the date of receipt of the said notice.

The Borrower having failed to repay the amount, notice is hereby given to the borrower and the public in general that the undersigned has taken possession of the property described herein below in exercise of powers conferred on him / her under section 13 (4) of the said Act, read with Rule 8 & 9 of the said Rule on this **14th Day of July of the year 2025.**

The Borrower in particular and the public in general are hereby cautioned not to deal with the property and any dealings with the property will be subject to the charge of **Canara Bank, Collegepara Branch** for an amount of **Rs. 49,11,063.00** (Rupees Forty Nine Lac Eleven Thousand Sixty Three only) **as on 16.04.2025** together with further interest and incidental expenses and costs as stated above on and from **17.04.2025.**

The borrower's attention is invited to the provisions of Section 13 (8) of the Act, in respect of time available, to redeem the secured assets.

Description of the Immovable Property : All that piece or parcel of homestead vacant land measuring 3600 Sq. ft. or 5 Kathas (more or less) in E/P No. 93(EP) and 645(WP) in CS/RS plot no 14057(P) in khatian no151 of Mouza Siliguri,JL no 110(88), Ward No. 23 of SMC, identified by its Holding No. 240/302/198/161, P. S. Siliguri in the District - Darjeeling Sub Registration Office - Siliguri. **The Gifted Property is butted and bounded as follows -** By North : Road, By South : Sweeper Passage, By East : L.O. P 95, By West : L.O. P 94(P) & L.O. P 93(P) (Comprised in the Deed of Gift being No. I-2282 for the year 2016).
Location of the Land : The Land is located at Mouza - Siliguri, J. L. No. 110(88),Ward No. 23 of SMC, identified by its Holding No. 240/302/198/161, P. S. Siliguri, in the District - Darjeeling.

Date : 14.07.2025
Place : Siliguri
Authorised Officer,
Canara Bank

বেনারসের আদলে গঙ্গা আরতি রঘুনাথগঞ্জে, সপ্তাহে দু'দিন বিরাট আয়োজন

দুরন্ত বার্তা, রঘুনাথগঞ্জ, ১৮ জুলাই ঃ বাবুঘাট, হুগলির পর এবার মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে শুরু হল কাশীর আদলে গঙ্গা আরতি। রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের শাখা সংগঠন ধর্ম জাগরণের উদ্যোগে গঙ্গা আরতির ব্যবস্থা নেওয়া হয়েছে। জঙ্গিপুর পুরসভার রঘুনাথগঞ্জ শহরের সদর ঘাটে হনুমান মন্দিরের সামনে শুরু হয়েছে গঙ্গা আরতি। এখন সপ্তাহে দু'দিন রবিবার ও বৃহস্পতিবার সন্ধ্যা সাতটায় আরতির আয়োজন করা হয়েছে। জানা গিয়েছে, কাশীর আদলে আরতি হনুমান মন্দিরের সামনে বাঁধানো ঘাটে লোহার কাঠামো দিয়ে তিনটি অস্থায়ী বেদী তৈরি করা হয়েছে। তিনজন পুরোহিত প্রতিদিন দেবী গঙ্গা আরতি করবেন। উদ্যোক্তারা জানিয়েছেন, ' সপ্তাহে দু-দিন আরতির ব্যবস্থা থাকছে। রঘুনাথগঞ্জের মানুষ চাইলে প্রতিদিন আরতির আয়োজন করা হবে।' এবার থেকে বহু ব্যয় করে বা বহু ক্রোশ ঘুরে বেনারস বা হরিদ্বারে গঙ্গা আরতি দেখতে যেতে হবে না। পর্যটকদের জন্য মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে অনেক আগেই শুরু হয়েছে গঙ্গা আরতি। দশাশ্বমেধে দাঁড়িয়ে নয়, এখানকার সদরঘাটে বসেই দৃষ্টিনন্দন গঙ্গা আরতি দেখবেন সাধারণ মানুষ। কাশীধামে গঙ্গা আরতি দেখতে দেশ বিদেশের মানুষ ভিড় করেন। কাশীর আদলে গঙ্গা আরতির উদ্যোগ নিয়ে বহরমপুর পুরসভা এখনও শুরু করতে পারেনি। জেলা সদর শহর বহরমপুরকে টেক্কা দিয়ে এবার গঙ্গা আরতি শুরু করা হয়েছে রঘুনাথগঞ্জে।

জীবিকা অর্জন, উদয়পুর গ্রামের অধিকাংশ মানুষ তৈরি করছেন মা তারার প্রতিকৃতি

দুরন্ত বার্তা, বীরভূম, ১৮ জুলাই ঃ একটা সময় তারাপীঠ লাগোয়া, উদয়পুর গ্রামে গেলেই তাঁত বোনার সেই মাকুর ঘটাঘট শব্দ শোনা যেত।

একটা সময় গ্রামের অধিকাংশ মানুষ এই তাঁত বুনে তাদের নিজেদের জীবিকা অর্জন করতেন। তবে আপনি জানেন কী এখন বর্তমানে সেইসব অতীত। এখন এই গ্রামের অধিকাংশ মানুষ তৈরি করছেন মা তারার প্রতিকৃতি। আঠার ওপর একটা একটা করে ধান আটকে তৈরি হচ্ছে দেবীর অলংকার। সেই সমস্ত অলংকার সুসজ্জিত ভাবে ঘিরে দেওয়া হচ্ছে কাঁচের ফ্রেমে। তারপরে শেষ হয়ে সেই দেবীর প্রতিকৃতি চলে যাচ্ছে তারাপীঠের পাশাপাশি দক্ষিণেশ্বর, কালীঘাট, বিহার, থেকে শুরু করে নেপাল পর্যন্ত। তারাপীঠ বেড়াতে এসে পর্যটকরা দেবীর প্রতিকৃতি কিনে বাড়ি ফেরেন। তবে অনেকে হয়তো জানেন না এই প্রতিকৃতি কোথায় তৈরি হয়। উদয়পুর গ্রামের ব্যবসায়ীরা বলরামপুর গ্রামের মহিলাদের দিয়ে আসছেন ধান, আঠা এবং মোটা কাগজ। মহিলারা শুদ্ধ কাপড় পরে একের পর এক ধান বসিয়ে তৈরি করছেন বিভিন্ন অলংকার। ইতিমধ্যেই বলরামপুর গ্রামে কুটির শিল্প পরিণত হয়েছে এই শিল্প। এই অলংকার পরে সংগ্রহ করে নিয়ে আসছেন ব্যবসায়ীরা। সেই অলংকার এবং তার সঙ্গে জরিপুঁতি দিয়ে মা তারাকে দেওয়া হচ্ছে অপরূপ রূপ। গ্রামের মহিলাদের বক্তব্য, মা তারার কৃপাতেই তাঁরা আজ নিজের পায়ে দাঁড়িয়েছেন। তারাপীঠের অদূরেই উদয়পুরে দেবী কালীর মন্দির। যে মন্দির এবং মূর্তিকে ঘিরে জড়িয়ে আছে বামাখ্যাপা এবং বশিষ্ঠ মুনির নাম। তারাপীঠে যেমন তারা মায়ের পুজো হয় ঠিক তেমনি উদয়পুরে পুজো হয় কালী মায়ের। উদয়পুরের কালী মায়ের নামও ছড়িয়ে পড়েছে উদয়কালী হিসাবে। বর্তমানে দেবী তারার নানা সাজের প্রতিকৃতি তৈরি করে উদয়পুর এখন সকলের কাছে এক পরিচিত জায়গা হয়ে গেছে।

থাবা জাপানি এনকেফালাইটিসের! আক্রান্ত দুইজনের মধ্যে মৃত্যু একজনের

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ জুলাই ঃ জলপাইগুড়িতে জাপানি এনকেফেলাইটিসের থাবা। আক্রান্ত দুইজনের মধ্যে মৃত্যু হয়েছে একজনের। কিন্তু, মৃত্যুর কারণ এনকেফেলাইটিস কিনা সেই বিষয় খতিয়ে দেখা হচ্ছে। প্রসঙ্গত, আক্রান্ত দু'জনেই জলপাইগুড়ি সদর ব্লকের পাহাড়পুর ও বাহাদুর গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা। কিউলেক্স মশা বাহিত এই রোগ দমনে জলপাইগুড়ি সদর ব্লক জুড়ে বিশেষ সতর্কতা জারি করেছে স্বাস্থ্য দফতর। জানা গেছে, গত ৭ তারিখ আক্রান্ত হন পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা উষা রায়। পরে তার মৃত্যু হয়। এনকেফেলাইটিসেই মৃত্যু কিনা জানতে মৃতদেহ ময়নাতদন্ত করা হয়েছে। স্বাস্থ্য দফতরের বক্তব্য রিপোর্ট এলেই কারণ স্পষ্ট হবে। অন্যদিকে, গত ১১ তারিখ জ্বরে আক্রান্ত হন বাহাদুর গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা রূপলাল হাজরা। তার শরীরেও এনকেফেলাইটিস ধরা পড়ে। বর্তমানে তিনি জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ হাসপাতালের আইসিইউ তে চিকিৎসাধীন। পর পর এই দুটো ঘটনা সামনে আসায় জলপাইগুড়ি সদর ব্লক জুড়ে চরম সতর্কতা জারি করেছে স্বাস্থ্য দফতর। আক্রান্ত ও মৃতের বাড়ির পাঁচ কিলোমিটার এলাকা হটস্পট ঘোষণা করে সার্চ অপারেশন শুরু হয়েছে। আরও কেউ জ্বরে আক্রান্ত রয়েছেন কিনা, তাঁদের শরীরে এনকেফেলাইটিসের উপসর্গ রয়েছে কিনা খতিয়ে দেখা হচ্ছে। সাধারণত শুকর থেকে যেহেতু এই রোগ ছড়ায় তাই এলাকায় তল্লাশি চালাবে প্রাণী সম্পদ বিকাশ দফতরকেও যুক্ত করেছে স্বাস্থ্য দফতর। জানা গেছে, চিকিৎসাধীন রূপলাল হাজরার বাড়ির আশপাশে শুকরের উপস্থিতি পাওয়া গেলেও মৃত উষা রায়ের বাড়ির আশে পাশে শুকরের উপস্থিতি পাওয়া যায়নি। তাই কিউলেক্স মশা বাহিত এই রোগের উৎস খুঁজতে মেডিক্যাল টিমে পতঙ্গ বিশেষজ্ঞকেও রাখা হয়েছে।

বিশ্বভারতী হেরিটেজ সাইট দেখতে এবার থেকে অনলাইনেও মিলবে টিকিট

দুরন্ত বার্তা, বোলপুর, ১৮ জুলাই ঃ অফলাইন টিকিটের পাশাপাশি বিশ্বভারতী হেরিটেজ সাইট দেখতে এবার থেকে অনলাইনেও মিলবে টিকিট। পর্যটকদের জন্য সব থেকে খুশির খবর যে প্রায় পাঁচ বছর পর পর্যটকদের জন্য খুলে যাচ্ছে শান্তিনিকেতনে ওয়ার্ল্ড লিভিং হেরিটেজ সাইট তথা বিশ্বভারতীর দরজা। আপাতত ট্রায়াল হিসেবে শুধুমাত্র রবিবার এই সুযোগ পাবেন পর্যটকেরা বলে জানিয়েছেন বিশ্বভারতীর উপাচার্য প্রবীর কুমার ঘোষ। জুলাই মাসের শেষ থেকেই এই ট্রায়াল শুরু করার কথা ভাবছেন তাঁরা। ট্রায়াল সফল হলে নভেম্বর মাস থেকে আরও বড় পরিসরে চলবে এই কর্মকাণ্ড। ঠিক কীরকম বিষয়টি? উপাচার্য জানালেন, প্রায় এক থেকে দেড় ঘণ্টার প্যাকেজ থাকবে পর্যটকদের জন্য। টিকিট কেটে ভেতরে ঢুকতে হবে, একদিনে মোটামুটি চারটি ব্যাচকে প্রবেশাধিকার দেওয়া হবে। প্যাকেজের মধ্যে থাকছে পাঠভবন, সিংহসদন, উপাসনা গৃহ, কালো বাড়ি সহ পুরো বিশ্বভারতী ক্যাম্পাস দেখার সুযোগ। শেষে থাকছে সংগীত ভবনের একটি লাইভ পারফরম্যান্স। আপাতত টিকিট মিলবে অফলাইনে। তবে ট্রায়াল সম্পূর্ণ হলে অনলাইনে টিকিট বুকিং করতে পারবেন পর্যটকেরা এবং সেক্ষেত্রে শুধু রবিবার নয় সপ্তাহে চার থেকে পাঁচ দিন এই সুযোগ থাকবে পর্যটকদের জন্য। এই খবরে স্বভাবতই খুশির হাওয়া শান্তিনিকেতনে এবং অবশ্যই পর্যটক মহলে।

ভারত-নেপাল সীমান্ত থেকে বাংলাদেশি অনুপ্রবেশকারী গ্রেফতার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৮ জুলাই ঃ শিলিগুড়ি জেলার পানিট্যাঙ্কি ভারত-নেপাল সীমান্ত থেকে সশস্ত্র সীমা বল (এসএসবি) এক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে গ্রেফতার করেছে। ধৃত বাংলাদেশি নাগরিকের নাম মহন্ত বর্মণ। তিনি বাংলাদেশের ঠাকুরগাঁওয়ের বাসিন্দা। এসএসবি পরবর্তী পদক্ষেপের জন্য ধৃত বাংলাদেশি অনুপ্রবেশকারীকে খড়িবাড়ি পুলিশের কাছে হস্তান্তর করেছে। সূত্র মতে, সীমান্তে টহল দেওয়ার সময় এসএসবি একজন ব্যক্তিকে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখতে পায়। এরপর তাকে জিজ্ঞাসাবাদ করার সময়, তার বক্তব্যে অসঙ্গতি দেখা দেয়, তাই এসএসবি তাকে হেফাজতে নেয়। তল্লাশি চালিয়ে তার কাছ থেকে বাংলাদেশি পরিচয়পত্র, ভারতীয় আধার এবং প্যান কার্ড উদ্ধার করা হয়। জানা গেছে, ধৃত ব্যক্তি হলদিবাড়ি হয়ে ভারতে প্রবেশ করেছিলেন এবং প্রায় ১১ মাস ধরে ভারতে বসবাস করছিলেন। পরে এসএসবি তাকে খড়িবাড়ি পুলিশের কাছে হস্তান্তর করে। খড়িবাড়ি পুলিশ পরবর্তী পদক্ষেপ নিতে শুরু করেছে।

দুই শাবক-সহ তিন হাতির মৃত্যু! দ্রুতগামী ট্রেনের ধাক্কায় ছিটকে পড়ল ১০০ মিটার দূরে

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ১৮ জুলাই ঃ চিহ্ন উঠেছে ঝাড়গ্রাম জেলাতে। তবে

ঝাড়গ্রামে মর্মান্তিক দুর্ঘটনা। রাতের অন্ধকারে ট্রেনের ধাক্কায় মৃত তিন হাতি। জানা গিয়েছে, রাত ১টা নাগাদ ঝাড়গ্রাম থেকে জনশতাব্দী এক্সপ্রেস খড়গপুর যাওয়ার সময় বাঁশতলাতে ঘটনাটি ঘটে। বন দফতর ও হুলা পার্টির সদস্যরা ট্রেন চালিয়ে যখন যাচ্ছিলেন, সেই সময় একটি বয়স্ক হাতি ও দুটি শাবক হাতি বাঁশতলা স্টেশনের পরেই রেল লাইনের উপরে উঠে যায়। যার ফলে ঘটে বিপত্তি, ঘটনাস্থলেই তিনটি হাতির মৃত্যু হয় চাঞ্চল্য ছড়ায় এলাকায়। ঘটনাস্থলে এসে উপস্থিত হয় বনদফতরের উচ্চপদস্থ আধিকারিক ও রেল আধিকারিকরা। তড়িঘড়ি ট্রেন চলাচল বন্ধ করে দেয়। বনদফতরের আধিকারিকরা হাতির মৃতদেহ উদ্ধার কাজ শুরু করে। তবে স্থানীয় মানুষের বক্তব্য সঠিক প্রশিক্ষণপ্রাপ্ত হুলা পার্টি নিয়োগ না করার ফলে একের পর এক হাতির মৃত্যুর ঘটনা লক্ষ্য করা গেছে। বনদফতরের সেভাবে কোনও ভূমিকাই লক্ষ্য করা যায়নি ঝাড়গ্রাম জেলাতে তা নিয়ে অভিযোগ তুলছেন স্থানীয় সাধারণ মানুষ। কবে হুঁশ ফিরবে বনদফতরের এই প্রশ্ন এই ঘটনায় বনদফতরের মুখে কুলুপ এঁটেছে। অন্যদিকে, বনদফতরের সূত্রে খবর, রেলের একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ আছে। বনদফতর সূত্রের বিস্ফোরক অভিযোগ। অভিযোগ গতকাল রাত ১১টার সময় অ্যালার্ট দেওয়া হয় যে সেখানে হাতি রয়েছে মুভমেন্ট করছে। তা সত্ত্বেও ওই রুটে ট্রেন চলে। ট্রেনের গতিবেগ এতটাই বেশি ছিল যে হাতির দেহাংশ ১০০ মিটার দূরে গিয়ে পড়েছিল। বনদফতর সূত্রের খবর, ঘটনায় যারা যুক্ত সংশ্লিষ্ট রেলের আধিকারিকদের বিরুদ্ধে মামলা রুজু করা হবে। প্রথমে মনে করা হচ্ছিল যে মালগাড়ির ধাক্কাতেই দুর্ঘটনাটি ঘটে। কিন্তু রেলের সিনিয়র পিআরও সূত্রে খবর, ১২০২২ হাওড়া-বারবিল জন শতাব্দী এক্সপ্রেসের ধাক্কাতেই মৃত্যু হয় হাতির ৩ টির। রাত ১২টা ৫৫ মিনিটে ঘটনাটি ঘটে। তিন হাতির মৃত্যুর পরও মর্মান্তিক ছবি। পরিবারের সদস্য বিয়োগের শোক যায়নি এখনও। ঘটনাস্থলে ঠায় দাঁড়িয়ে এখনও তিনটি হাতি। জানা গেছে, রেলকে খবর দেওয়া হয়েছিল রাত ১১টায়। তার পরও এই ঘটনা। জানান ঝাড়গ্রাম এর ডিএফও উমরইমাম। রেলের তরফে মালগাড়ি বলা হলেও স্থানীয়দের বক্তব্য জনশতাব্দি এক্সপ্রেসের ধাক্কায় মৃত্যু হয়েছে হাতি গুলির। কার দোষে মৃত্যু বোঝেনা হাতিরা। তারা শুধু বোঝে তাদের পরিবারের সদস্যদের উপর আঘাত হয়েছে। রাতেই তাদের পরিবারের তিন সদস্যের মৃত্যু হয়েছে। তাই তারা আবার ফিরে এসেছে ওই স্থানে। তাদের সরানো যাচ্ছে না ঘটনাস্থল থেকে। রেললাইনের উপরই ঘুরে বেরাচ্ছে তিনটি হাতি। ডিএফও জানাচ্ছেন এটা হাতির স্বভাব। তাদের পরিবারের সদস্য মারা গেলে হাতি ওই জায়গায় অনেকক্ষণ থাকে। ওই সময় তাদের কোনো রকম বিরক্ত করতে নিষেধ করা হয়েছে। তারপর আস্তে আস্তে এলাকা পেরোচ্ছে ট্রেন। কিন্তু ওই এসওপি যদি গতকাল রাতে মানা হত তাহলে তিনটা হাতির মৃত্যু হত না। রেলের তরফে এখনো কিছু জানা যায়নি। অন্যদিকে, শুক্রবার সকালে নদীর তীর থেকে একটি হাতির মৃতদেহ উদ্ধার করা হয়েছে। স্থানীয়রা ময়নাগুড়ি ব্লকের রামসাই জলঢাকা এবং মূর্তি নদীর সঙ্গমস্থলে একটি প্রাপ্তবয়স্ক মহিলা হাতির মৃতদেহ পড়ে থাকতে দেখেন। এরপর তড়িঘড়ি বন বিভাগকে বিষয়টি জানানো হয়। খবর পাওয়ার সাথে সাথে বন বিভাগের আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছান। বন বিভাগের রামসাই এলিফ্যান্ট স্কোয়াডের ইনচার্জ ভূপতি শীল জানান, বজ্রপাতে হাতির মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরই হাতির মৃত্যুর আসল কারণ জানা যাবে।

মেটেলিতে পাটখেত থেকে উদ্ধার কিশোরীর মৃতদেহ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ জুলাই ঃ পাটখেত থেকে উদ্ধার হল কিশোরীর মৃতদেহ। গলায় ওড়না পেঁচানো অবস্থায় দেহটি পাওয়া গেছে। ঘটনার জেরে চাঞ্চল্য ছড়িয়েছে মাটিয়ালি ব্লকের বিধাননগর গ্রাম পঞ্চায়েতে এলাকায়। বিধাননগর এলাকায় এক নাবালিকার রহস্যজনক মৃত্যুকে কেন্দ্র করে শুক্রবার সকালে ছড়িয়ে পড়ে চাঞ্চল্য। শালবাড়ি সংলগ্ন একটি পাটক্ষেত থেকে উদ্ধার হয় ১৬ বছরের ওই কিশোরীর নিথর দেহ। গলায় ছিল ওড়না পেঁচানো। পরিবার সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সন্ধ্যার পর থেকেই নিখোঁজ ছিল কিশোরী। আত্মীয়-প্রতিবেশীরা সারা রাত খোঁজাখুঁজি করেও তার কোনও খোঁজ পাননি। শুক্রবার সকালে বাড়ির খুব কাছেই পাটক্ষেতে তাঁর দেহ পড়ে থাকতে দেখে এলাকার মানুষজন। ঘটনাস্থলে পৌঁছায় মেটেলি থানার পুলিশ। দেহ উদ্ধারের পর প্রাথমিক তদন্ত শুরু হয়েছে। এখনও পুলিশ নিশ্চিতভাবে কিছু জানায়নি। স্থানীয় বাসিন্দাদের একাংশ এটিকে খুনের ঘটনা বলেই মনে করছেন। ঘটনায় গোটা এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। বাসিন্দাদের মধ্যে দেখা দিয়েছে ক্ষোভ ও আতঙ্ক। দ্রুত দোষীর গ্রেফতার এবং উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয়রা।

বিভীষিকা...! অযোধ্যা পাহাড়ের কোলে অবস্থিত রাস্তাগুলির অবস্থা বেহাল

দুরন্ত বার্তা, পুরুলিয়া, ১৮ জুলাই ঃ অযোধ্যা পাহাড়ের কোলে অবস্থিত রাস্তাগুলির অবস্থা বেহাল। পাহাড়ি পথগুলিতে টানা বর্ষণে একাধিক রাস্তায় নেমেছে ধস, কোথাও জরাজীর্ণ রাস্তায় জমেছে জল। পুরুলিয়া আড়শা ব্লকের রুগরি, তিলাইট্যাঁড় গোয়ালিকচার মতো জায়গাগুলির রাস্তায় যানবাহন চলাচল তো দূরের কথা, পায়ে হেঁটে যাওয়াও ক্রমশ কঠিন হয়ে পড়ছে বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। অযোধ্যা পাহাড়-লাগোয়া এই সমস্ত পথ দিয়েই পর্যটক থেকে শুরু করে আড়শা এলাকার বাসিন্দারা যাতায়াত করেন। এই সব পথ ধরেই তাঁরা পাহাড়ের উপর সীতারামপুর এবং অযোধ্যা হিল টপে যাতায়াত করেন। রাস্তার অবস্থা এমনই জরাজীর্ণ যে, চারচাকার যানবাহন যেতে পারে না। ফসত, অ্যাম্বুল্যান্সও পৌঁছাতে পারে না বলে অভিযোগ। এর উপর একাধিক জায়গায় ওই সমস্ত রাস্তায় দুর্ঘটনার কবলে পড়ছে গাড়িগুলি। গত কয়েকদিনে ভারী বর্ষণ শুরু হওয়ার পরেই রাস্তার অবস্থা আরও খারাপ হয়ে পড়েছে। একের পর এক রাস্তা ভেঙে গেছে। বর্ষাকাল সবে শুরু হয়েছে। আগামী দিনগুলিতে আরও ভারী বৃষ্টি হলে, রাস্তার অবস্থা আরও খারাপ হবে। এরপর সেই সব ভাঙা রাস্তায় চলা যাবে কি না, তা নিয়েই আশঙ্কায় এলাকার মানুষজন। তাই অবিলম্বে এইসব রাস্তা মেরামত করার দাবি জানিয়েছেন তাঁরা। এলাকাবাসীদের

অভিযোগ, বছরের পর বছর ধরে এখানে রাস্তার এরকম ভগ্নদশা। তাঁদের অভিযোগ, সেগুলি মেরামতির কোনও উদ্যোগই নেয়নি প্রশাসন। এবারে বর্ষার জন্যই রাস্তার এই অবস্থা বলে দাবি পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি নিবেদিতা মাহাতো-র। পরিস্থিতির দিকে নজর রাখার কথা বলেছেন তিনি। তবে, ঠিক কবে নাগাদ এই সব রাস্তা ঠিক হবে, তা নিয়ে নিশ্চিত ভাবে কিছু বলতে পারেননি তিনি এমনই দাবি সংশ্লিষ্ট মহলের।

আবারও রহস্যমৃত্যু আইআইটি পড়ুয়ার, হস্টেলের রুম থেকে ঝুলন্ত দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, খড়্গপুর, ১৮ জুলাই ঃ গত ৪ মে-র পর ১৮ জুলাই। মাত্র আড়াই মাসের মধ্যেই ফের আইআইটি খড়্গপুর ক্যাম্পাসে মেধাবী পড়ুয়ার অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য। শুক্রবার সকাল ১১টা ২০ নাগাদ আইআইটি খড়্গপুরের রাজেন্দ্র প্রসাদ হলের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং- বিভাগের চতুর্থ বর্ষের এক ছাত্রের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিস। আইআইটি খড়্গপুর সূত্রে জানা গেছে, মৃত পড়ুয়ার নাম ঋতম মণ্ডল (২১)। মেধাবী এই পড়ুয়া দক্ষিণ চব্বিশ পরগনার রিজেন্ট পার্ক থানা এলাকার বাসিন্দা বলে জানা গেছে। বাবার নাম উত্তম মণ্ডল। ঘটনা ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আইআইটি খড়্গপুর ক্যাম্পাসে। এই নিয়ে চলতি বছরেই মৃত্যু হল চার পড়ুয়ার। জানা গেছে, শুক্রবার সকালে নিজের রুমের গেট না খোলায় ওই হলের অন্যান্য আবাসিকরা ম্যানেজমেন্টকে খবর দেয়। অন্যদিকে, ছেলেকে বাবা ফোনে না পেয়ে খড়গপুর আইআইটি সিকিউরিটি কন্ট্রোলে ফোন করেন। তারা গিয়ে দেখেন RP হলের ২০৩ নম্বর রুমে ঝুলন্ত দেহ। প্রাথমিকভাবে আত্মহত্যা বলে অনুমান। হল ম্যানেজার পুলিসকে জানালে, পুলিস এসে দরজা খুলে দেখে সিলিং ফ্যান থেকে ঝুলছে পড়ুয়া। গলায় গামছার ফাঁস। এরপরই দেহ উদ্ধার করে হাসপাতালে পাঠানো হলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। পরিবারে উপস্থিতিতে ময়নাতদন্ত হবে বলে সূত্রের খবর । কী কারণে এই অস্বাভাবিক মৃত্যু খতিয়ে দেখা হচ্ছে। আরও জানা গেছে, খড়গপুর আইআইটি-তে ছেলেটির অস্বাভাবিক মৃত্যু হয়েছে সে দুদিন আগেই গরমের ছুটি কাটিয়ে বাড়ি থেকে ক্যাম্পাসে ফিরেছিল। ক্যাম্পাস সূত্রে খবর, যে ছেলেটি যথেষ্ট মেধাবী। তার সিজিপিএ স্কোর ৮-এর ওপরে। ছেলেটির মানসিক স্বাস্থ্য নিয়ে কোনও সমস্যা ছিল বলেও কর্তৃপক্ষের কাছে কোনও খবর নেই। ছেলেটির রুমমেট এখনও আসেনি। আইআইটি কর্তৃপক্ষের তরফে এই মৃত্যুর বিষয়ে নিশ্চিত করা হয়েছে এবং পরিবারকে খবর দেওয়া হয়েছে। জেলা পুলিসের এক আধিকারিক জানিয়েছেন, 'আইআইটি খড়্গপুরের এক পড়ুয়ার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ বোঝা যাবে।'